

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৩/২০১৫

অভিযোগকারী : জনাব জয়নাল আবেদিন
পিতা-আবু তাহের
প্রযত্নে-নিউ অ্যাডভান্স কম্পিউটার
প্রধান সড়ক, রিজার্ভ বাজার
থানা-কোতয়ালী
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

প্রতিপক্ষ : জনাব এস.এম. কামাল উদ্দীন হায়দার
সহকারী পরিচালক (কলেজ-২)
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১৬ আব্দুল গণি রোড
শিক্ষা ভবন, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৭-০২-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব জয়নাল আবেদিন ০১-১২-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব এস.এম. কামাল উদ্দীন হায়দার, সহকারী পরিচালক (কলেজ-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- রাঙ্গামাটি সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ NTRCA আইন এবং জনবল কাঠামো (২০১৩ পর্যন্ত সংশোধিত) এর ধারা ১১ এর ১ উপধারা (শিক্ষক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে/পদে ইনডেক্সধারী/নিবন্ধন সনদধারী হতে হবে) লংঘনের মাধ্যমে বৈধ প্রার্থীকে বঞ্চিত করে বেআইনিভাবে প্রভাষক নিবন্ধনধারী সাবেক সুলতানাকে সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) হিসেবে নিয়োগ প্রদান করে এমপিওভুক্ত করার নিমিত্ত অধিদপ্তরে ফাইল প্রেরণ করেছেন। যা ০১-০৬-২০১৪ খ্রিঃ হতে ২০-০৬-২০১৪ খ্রিঃ তারিখের মধ্যে অধিদপ্তরে ডেকেটভুক্ত হয়েছে। উল্লেখ্য যে, ইতিপূর্বে ০৯-০৯-২০১৪ খ্রিঃ এবং ১৭-১১-২০১৪ খ্রিঃ তারিখ ই-মেইল এবং ডাকযোগে তথ্য প্রাপ্তির আবেদন করা হলেও চাহিত তথ্য সরবরাহ করা হয়নি এবং দপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীরা আবেদন পাননি বলে জানান। এমতাবস্থায়, ডেকেট সীল সহ শুধুমাত্র অগ্রায়ণপত্রের ফটোকপি এবং এমপিওভুক্ত না করার কারণ উল্লেখ করে অধ্যক্ষ বরাবর পত্র জারী করা হলে উক্ত পত্রের ফটো কপি পাওয়ার বিনীত প্রার্থনা করছি।

০২। প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৫-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৭-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব জয়নাল আবেদিন তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়ে তথ্য কমিশনে অভিযোগ প্রত্যাহারে আবেদন প্রেরণ করে গরহাজির। প্রতিপক্ষ জনাব এস.এম. কামাল উদ্দীন হায়দার, সহকারী পরিচালক (কলেজ-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা অভিযোগকারীকে তথ্য সরবরাহ করে তার অনুলিপি প্রেরণপূর্বক গরহাজির।

(অ: পৃ: দ্র:)

পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, জনাব এস.এম. কামাল উদ্দীন হায়দার, সহকারী পরিচালক (কলেজ-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করে তথ্য কমিশনকে অবহিত করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি প্রত্যাহার করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

সিদ্ধান্ত।

যেহেতু, জনাব এস.এম. কামাল উদ্দীন হায়দার, সহকারী পরিচালক (কলেজ-২) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, শিক্ষা ভবন, ঢাকা অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগটি প্রত্যাহার করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার